সংগ্রাম।

২৭৫

তারিখ ১৯/১/৮২
পৃষ্ঠা

050

# ইলেকট্রনিকস কোর্সের উদ্বোধন

বাংলাদেশ আণবিক শক্তি কমিশনের চেয়ারম্যান ডঃ আনোয়ার হোসেন গতকাল সোমবার আণবিক শক্তি কেন্দ্রে ৬ সপ্তাহব্যাপী ইলেকট্রনিক্স কোর্সের উদ্বোধন করেন।

বি এ ই সি'র জনশক্তি ডিভিশনের উদ্যোগে এটি দ্বিতীয় কোর্স।

উদ্বোধনী অধিবেশনে ডঃ আনোয়ার হোসেন ইলেকট্রনিকস সরঞ্জামের দক্ষতা বজায় রাখার জন্য ইলেকট্রনিক্স সরঞ্জাম সম্পর্কে প্রশিক্ষণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, ইলেকট্রনিক সরঞ্জাম ও খুচরা যন্ত্রাংশ প্রস্তুত করার ব্যাপারে স্বনির্ভরতা অর্জনের জন্যও এই প্রশিক্ষণ প্রয়োজন। প্রশিক্ষণ প্রাপ্ত জনশক্তি হ্রাস সম্পর্কে উদ্বেগ প্রকাশ করে তিনি বিজ্ঞানী ও প্রকৌশলীদের সবসময় মধ্যপ্রাচ্যে যাবার জন্য লাইন না দেবার আহ্বান জানান। অনুষ্ঠানে জনশক্তির পরিকল্পনা ডিভিশনের প্রধান ডঃ এস এম এম আর চৌধুরী, ইনসটিটিউট অব ইলেকট্রনিকস ও ম্যাটেরিয়াল সায়েন্সের পরিচালক জনাব এমদাদ হোসেন, ইলেকট্রনিকস ল্যাবরেটরীর পিএসও জনাব আবু তাহের এবং বর্তমানে বাংলাদেশে অবস্থানরত আইইএ'র ইলেকট্রনিক্স বিশেষজ্ঞ ডঃ জে আই ডিশটার বক্তৃতা করেন। খবর প্রেস বিজ্ঞপ্তির।